

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাৎ/১২ইং জুন, ১৯৯৭ইং।

**SRO-নং ১৪৪-আইন/৯৭/১৬১-মূসক ১-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৩ই শ্রাবন, ১৪০৩ বাৎ মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-১২৯ আইন/৯৬/১৩১-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত টেবিল-১ এর অধীন বর্ণিত উৎপাদিত পণ্যের সরবরাহকারী ও সেবা প্রদানকারীর ক্ষেত্রে করমেয়াদ তিন মাস এবং টেবিল-২ এর অধীন বর্ণিত রপ্তানিকারক ও সেবাপ্রদানকারীর ক্ষেত্রে করমেয়াদ ছয় মাস এতদ্বারা নির্ধারণ করিল, যথা :-**

### টেবিল-১

- (১) ইট;
- (২) ইন্ডেন্টিং ফার্ম;
- (৩) শিপিং এজেন্ট;

### টেবিল-২

- (১) \*[\*[\*[\*]];
- (২) নির্মাণ সংস্থা;
- (৩) সিএন্ডএফ এজেন্ট;
- (৪) কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজরী ফার্ম;
- (৫) ইজারাদার;
- (৬) যোগানদার ও
- (৭) \*[\*[\*[\*]।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
[সাইফুল ইসলাম খান]  
অতিরিক্ত সচিব  
(পদাধিকারবলে)

- ১। SRO নং-১৫৬-আইন/২০০৫/৪৪৭-মূসক, তাং ০৯/৬/২০০৫ বলে “শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান” শীর্ষক সেবাটি বিলুপ্ত হয়।
- ২। SRO নং-১৬৮-আইন/২০০৪/৪১৪-মূসক, তাং ১০/৬/২০০৪ বলে “বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক” সেবাটি বিলুপ্ত হয়।

প্রশিধান্য : প্রজ্ঞাপনটিতে যেসকল নিবন্ধিত করদাতা অন্তর্ভুক্ত হয়নি তাদের ক্ষেত্রে প্রযোজ্য করমেয়াদ সাধারণভাবে একমাস (ইংরেজী পঞ্জিকা বর্ষের প্রতিটি মাস) - যদিনা কোনো বিশেষ বিধিমালায় ভিন্ন কোনো মেয়াদকাল বর্ণিত থাকে। যেমন : যান্ত্রিক মৌসুমী ইটভাটার ক্ষেত্রে SRO নং-১৪৫-আইন/২০০১/৩১০-মূসক মোতাবেক প্রণীত বিধিমালার বিধি ৬(৪) অনুযায়ী এবং শিপিং এজেন্টের ক্ষেত্রে বোর্ডের সাঃ আঃ নং-১০/মূসক/৯৬ মোতাবেক ভিন্ন করমেয়াদ নির্ধারিত রয়েছে।